২০১৫-১৬ অর্থ-বছরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক সম্পাদিত **গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলি (০১ জুলাই হতে ৩১ অক্টোবর ২০১৬ পর্যন্ত প্রতিবেদনসহ)

১। ২০১৫-১৬ অর্থ-বছরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক সম্পাদিত **গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলি সার-সংক্ষেপঃ

বৈদেশিক সহায়তা সংগ্রহ কার্যক্রমের আওতায় এ অর্থ বছরে ২৬ টি উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের সঙ্গে সম্পাদিত মোট ৮২ টি চুক্তির মাধ্যমে ৬৯৯৭.৯৭ মিলিয়ন মার্কিন ডলারের বৈদেশিক সহায়তার প্রতিশ্রুতি অর্জিত হয়েছে। যার মধ্যে ৪৯৪.৮২ মিলিয়ন মার্কিন ডলারের ৪৮টি অনুদান চুক্তি ও ৬৫০৩.১৫ মিলিয়ন মার্কিন ডলারের ৩৪ টি ঋণ চুক্তি। ২০১৫-১৬ অর্থ বছরে প্রাথমিক হিসাব অনুযায়ী বৈদেশিক সহায়তা ছাড়ের পরিমাণ মোট ৩৪৪৯.৯৭ মিলিয়ন মার্কিন ডলার (প্রভিশনাল)। যার মধ্যে অনুদান ৫৪৬.২৯ মিলিয়ন মার্কিন ডলার ও ঋণ ২৯০৩.৬৮ মিলিয়ন মার্কিন ডলার। বিশেষভাবে উল্লেখ্য যে, ২০১৫-২০১৬ অর্থবছরে বৈদেশিক সহায়তার প্রতিশ্রুতি (commitment) প্রথমবারের মতো ছয় বিলিয়ন ডলারের ল্যান্ডমার্ক অতিক্রম করেছে এবং বৈদেশিক সহায়তার ছাড়করণও (disbursement) স্বাধীনতাত্তোরকালে সর্বোচ্চ।

২। বৈদেশিক ঋণ ও অনুদান সংক্রন্ত তথ্যঃ

| বছর | চুক্তির ধরন | চুক্তির সংখ্যা | কমিটমেন্ট (মিলিয়ন মার্কিন ডলার) | ডিসবার্সমেন্ট (মিলিয়ন মার্কিন ডলার) | রিপেমেন্ট (মিলিয়ন মার্কিন ডলার) | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | ৭ |
| ২০১৫-১৬ | ঋণ চুক্তি | ৩৪ | ৬৫০৩.১৫ | ২৯০৩.৬৮ | আসল- | ৮৪৮.৪৬ | |
| | | | | | সুদ- | ২০২.১০ | |
| | অনুদান চুক্তি | ৪৮ | ৪৯৪.৮২ | ৫৪৬.২৯ | | | |
| | মোট | ৮২ | ৬৯৯৭.৯৭ | ৩৪৪৯.৯৭ | | ১০৫০.৫৬ | |
| ২০১৪-১৫ | ঋণ চুক্তি | ৩৪ | ৪৭৬৪.৮১ | ২৪৭২.২৫ | আসল-- | ৯০৯.৪৬ | |
| | | | | | সুদ- | ১৮৭.৭৩ | |
| | অনুদান চুক্তি | ৬৩ | ৪৯৩.৬৬ | ৫৭০.৮৩ | | | |
| | মোট | ৯৭ | ৫২৫৮.৪৭ | ৩০৪৩.০৭· | | ১০৯৭.১৯ | |

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিবেদন অনুযায়ী ২০১৫-২০১৬ অর্থবছরে মোট ৩৪টি ঋণ ও ৪৮টি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়, যার আর্থিক সংশ্লেষ ৬৯৯৭.৯৭ মিলিয়ন মার্কিন ডলার । ঋণ পরিশোধের পরিমাণ সুদেআসলে ১০৫০.৫৬ মিলিয়ন মার্কিন ডলার।

৩। ২০১৫-১৬ অর্থ-বছরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক সম্পাদিত **গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলিঃ

**৩.১।** অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সরকারের উন্নয়ন কৌশল অনুযায়ী বিনিয়োগের লক্ষ্যমাত্রা পূরণে বরাবরের ন্যায় ২০১৫-১৬ অর্থ-বছরেও কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হয়। বৈদেশিক সহায়তা সংগ্রহ কার্যক্রমের আওতায় এ অর্থ বছরে ২৬ টি উন্নয়ন সহয়োগী সংস্থা/দেশের সঙ্গে সম্পাদিত মোট ৮২ টি চুক্তির মাধ্যমে ৬৯৯৭.৯৭ মিলিয়ন মার্কিন ডলারের বৈদেশিক সহায়তার প্রতিশ্রুতি অর্জিত হয়েছে। যার মধ্যে ৪৯৪.৮২ মিলিয়ন মার্কিন ডলারের ৪৮টি অনুদান চুক্তি ও ৬৫০৩.১৫ মিলিয়ন মার্কিন ডলারের ৩৪ টি ঋণ চুক্তি। ২০১৫-১৬ অর্থ বছরে প্রাথমিক হিসাব অনুযায়ী বৈদেশিক সহায়তা ছাড়ের পরিমাণ মোট ৩৪৪৯.৯৭ মিলিয়ন মার্কিন ডলার (প্রভিশনাল)। যার মধ্যে অনুদান ৫৪৬.২৯ মিলিয়ন মার্কিন ডলার ও ঋণ ২৯০৩.৬৮ মিলিয়ন মার্কিন ডলার। উল্লেখ্য যে, ২০১৫-১৬ অর্থ বছরের কমিটমেন্টের লক্ষ্যমাত্রা ৬০০০ মিলিয়ন মার্কিন ডলার এর বিপরীতে ১১৬.৬৩ শতাংশ অর্জিত হয়েছে এবং অর্থ ছাড়ের

এবং অর্থ ছাড়ের লক্ষ্যমাত্রা ৩৪১৫ মিলিয়ন মার্কিন ডলার এর বিপরীতে ১০১ শতাংশ অর্জিত হয়েছে। **বিশেষভাবে উল্লেখ্য যে, ২০১৫-২০১৬ অর্থবছরে বৈদেশিক সহায়তার প্রতিশ্রুতি** (commitment) **প্রথমবারের মতো ছয় বিলিয়ন ডলারের ল্যান্ডমার্ক অতিক্রম করেছে এবং বৈদেশিক সহায়তার ছাড়করণও** (disbursement) **স্বাধীনতাত্তোরকালে সর্বোচ্চ।**

৩.২। ২০১৫-১৬ অর্থবছরে মোট ৮২ টি চুক্তির মাধ্যমে ৬৯৯৭.৯৭ মিলিয়ন মার্কিন ডলারের বৈদেশিক সহায়তার প্রতিশ্রুতি অর্জিত হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য উন্নয়ন সহযোগী দেশ ও সংস্থাভিত্তিক বিভাজন নিম্নরূপঃ

- বাংলাদেশ ও বিশ্বব্যাংক এর মধ্যে ৯৯৯.৭৭ মিলিয়ন মার্কিন ডলারের ৭ টি ঋণ চুক্তি এবং ১৭৮.২৭ মিলিয়ন মার্কিন ডলারের ৫ টি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়।
- এডিবি এর সাথে ৮৮৫.০০ মিলিয়ন মার্কিন ডলারের ৯ টি ঋণ চুক্তি এবং ১১.০০ মিলিয়ন মার্কিন ডলারের ৫ টি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়।
- জাপানের সাথে ১৬৮৮.৭৭ মিলিয়ন মার্কিন ডলারের ৬ টি ঋণ চুক্তি এবং ৭.০৯ মিলিয়ন মার্কিন ডলারের ২ টি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়।
- ইউএন সিস্টেম এর সাথে ১৪০.২৭ মিলিয়ন মার্কিন ডলারের ২১ টি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়।
- ভারত এর সাথে ২০০০ মিলিয়ন মার্কিন ডলারের একটি ক্রেডিট লাইন এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়।
- এছাড়া অন্যান্য উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান/দেশ সমূহের সাথে ১০৮৭.৮০ মিলিয়ন মার্কিন ডলারের ২৬ টি চুক্তি স্বাক্ষরিত হয়।

৩.৩। ২০১৫-১৬ অর্থ বছরে মোট ৩৪৪৯.৯৭ মিলিয়ন মার্কিন ডলারের বৈদেশিক সহায়তা ছাড় করা হয়েছে। তন্মধ্যে দ্বিপাক্ষিক প্রতিষ্ঠান/দেশ হতে ১১৪৪.১৪ মিলিয়ন মার্কিন ডলার ( প্রভিশনাল) এবং বহুপাক্ষিক প্রতিষ্ঠান হতে ২৩০৫.৮৩ মিলিয়ন মার্কিন ডলার ( প্রভিশনাল)। ছাড়কৃত বৈদেশিক সহায়তার মধ্যে অনুদান ৫৪৬.২৯ মিলিয়ন মার্কিন ডলার ও ঋণ ২৯০৩.৬৮ মিলিয়ন মার্কিন ডলার ( প্রভিশনাল)।

৩.৪। ২০১৫-১৬ অর্থবছরে মোট ১০৫০.৫৬ মিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক ঋণ পরিশোধ করা হয়েছে, তন্মধ্যে আসল বাবদ ৮৪৮.৪৬ মিলিয়ন মার্কিন ডলার এবং সুদ বাবদ ২০২.১০ মিলিয়ন মার্কিন ডলার (প্রভিশনাল)।

৩.৫। ২০১৫-১৬ অর্থ-বছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মোট ৩৭১ টি বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প (১৭৮ টি কারিগরি সহায়তা প্রকল্প ও ১৯৩টি বিনিয়োগ প্রকল্প) প্রকল্পের অনুকূলে মোট ২৯,১৬০ কোটি টাকা প্রকল্প সাহায্য বরাদ্দ করা হয়।

৩.৬। মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গঠিত ফাস্ট ট্র্যাক প্রজেক্ট মনিটরিং কমিটি কর্তৃক ৩০ জুন ২০১৬ পর্যন্ত জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ ও বড় প্রকল্পের বাস্তবায়ন গতিশীল করার লক্ষ্যে পদ্মা বহুমুখী সেতু প্রকল্পসহ ১০ টি প্রকল্পকে ফাস্ট ট্র্যাক প্রকল্প হিসাবে চিহ্নিত করা হয়েছে। এ ছাড়া সম্প্রতি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ প্রকল্প বাস্তবায়ন গতিশীল করার লক্ষ্যে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পর্যায়ে কাঠামোগত ও নীতিগত পরিবর্তনের কতিপয় প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনার জন্য পেশ করে।

৩.৭। মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে গঠিত স্ট্যান্ডিং কমিটি অন নন্-কনসেশনাল লোন ২০১৫-১৬ অর্থবছরের ৯টি অনমনীয় ঋণ প্রস্তাব অনুমোদন করেছেন। উল্লেখ্য যে, এ কমিটি ৩০ জুন ২০১৬ পর্যন্ত ৩০টি অনমননীয় ঋণ প্রস্তাব অনুমোদন করেছে। এ কমিটি অনমননীয় বৈদেশিক ঋণ গ্রহণের প্রস্তাবসমূহ যাচাই-বাছাই করে অনুমোদন করে।

৩.৮। বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করার অভিপ্রায়ে আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতাকে কাঙ্খিত পর্যায়ে নেয়ার লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ গত ১৫-১৬ নভেম্বর ২০১৫ তারিখে Bangladesh Development Forum (BDF) আয়োজন করে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত এ ফোরাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করেন।

৩.৯। বৈদেশিক সহায়তা সংক্রান্ত জাতীয় নীতিমালা (National Policy on Development Cooperation) এর খসড়া প্রনয়ণ করা হয়, যা চূড়ান্তকরণের পর্যায়ে রয়েছে।

৩.১০। বৈদেশিক সহায়তা কার্যক্রমকে গতিশীল ও সময়োপযোগী করার জন্য Strengthening Capacity for Aid Effectiveness in Bangladesh শীর্ষক প্রকল্পের আওতায় উন্নয়ন সহযোগীদের নিকট হতে Real Time Data সংগ্রহের লক্ষ্যে Aid Information Management System (AIMS) এর automatic data import module প্রস্তুত ও কার্যকর করা হয়।

৩.১১। গত ৯-১১ অক্টোবর ২০১৫ তারিখ পেরুর রাজধানী লিমায় অনুষ্ঠিত বিশ্বব্যাংক-আইএমএফের ২০১৫ সালের বার্ষিক সভায় অর্থনৈতিক নীতিনির্ধারণী বিষয়াদি, বিশ্ব অর্থনীতি, কর্মসংস্থান ও প্রতিযোগিতামূলক শ্রমবাজার, অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি, পরিবর্তনশীল বিশ্বে ল্যাটিন আমেরিকার ভূমিকা এবং নিম্ন-আয়ের দেশসমূহের বিষয়াদি সম্পর্কে অনুষ্ঠিত আলোচনা অনুষ্ঠানে মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে ১২ সদস্যের প্রতিনিধিদল অংশগ্রহণ করেন।

৩.১২। গত ১৫-১৭ এপ্রিল ২০১৬ তারিখ যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডি. সি.-তে বিশ্বব্যাংক গ্রুপ ও ইন্টারন্যাশনাল মনিটরিং ফান্ড (আইএমএফ)-এর ২০১৬ সালের অনুষ্ঠিত বসন্তকালীন সভায় বিশ্ব অর্থনীতি, কর্মসংস্থান ও প্রতিযোগিতামূলক শ্রমবাজার, অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি, আফ্রিকার উন্নয়ন এজেন্ডা, টেকসই উন্নয়ন, আঞ্চলিক সংঘাত ও শরণার্থী সংকট, পরিবেশ চ্যালেঞ্জ, অবকাঠামো এবং নিম্ন-আয়ের দেশসমূহ সম্পর্কে অনুষ্ঠিত আলোচনায় মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর নেতৃত্বে ৬ সদস্যের প্রতিনিধিদল অংশগ্রহণ করেন।

৩.১৩। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সময়বদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠান, সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজন এবং ২০১৫ সালের 'শুদ্ধাচার পুরস্কার' প্রদান করা হয়।

৩.১৪। "রুপপুর পারমাণবিক বিদ্যুৎ প্ল্যান্ট" নির্মাণের লক্ষ্যে খসড়া আন্ত:রাষ্ট্রীয় ঋণ চুক্তির উপর ১৮-১৯ মে ২০১৬ মেয়াদে বাংলাদেশ সরকার ও রাশিয়ান ফেডারেশনের অর্থ মন্ত্রণালয়, মস্কোতে উভয় পক্ষের উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের মধ্যে অনুষ্ঠিত নেগোশিসয়েশন সভার শেষ দিন উভয় সরকারের মধ্যে একটি Minutes of Discussion স্বাক্ষরিত হয় ও খসড়া আন্ত:রাষ্ট্রীয় ঋণ চুক্তি অনুস্বাক্ষরিত হয়।

৩.১৫। জাপান ঋণ মওকুফ তহবিল (জিডিসিএফ) এর অর্থায়নে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তে ১২ টি প্রকল্পের অনুকূলে ২৬৫৮৫.৫৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়।

৩.১৬। বুলগেরিয়ার রাজধানী সোফিয়ায় অনুষ্ঠিত "Global Forum of Women Leaders" শীর্ষক কর্মসূচীতে মাননীয় প্রধানমন্ত্রীর অংশগ্রহণ কালে ১৮ মে ২০১৬ তারিখে বাংলাদেশ ও বুলগেরিয়ার মধ্যে 'Economic Cooperation between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Bulgaria' শীর্ষক একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

৩.১৭। গত ১১ নভেম্বর, ২০১৫ তারিখে ইউরোপীয় ইউনিয়ন-বাংলাদেশ যৌথ কমিশনের ৭ম সভা অনুষ্ঠিত হয়।

৩.১৮। সৌদি আরবের মান্যবর প্রিন্স তুর্কি বিন আব্দুল্লাহ এবং Islamic Development Bank (IDB)'র মান্যবর প্রেসিডেন্ট ড. আহমদ মোহাম্মদ আলী বাংলাদেশ সফরকালীন ১২ জানুয়ারি ২০১৬ তারিখ IDB' র Fael Khair Programme এর আওতায় সিডর বিধ্বস্ত দক্ষিণ পশ্চিম অঞ্চলের জেলা বরগুনার আমতলী উপজেলার ঘটখালি মাধ্যমিক স্কুল-কাম-সাইক্লোন সেন্টার উদ্বোধনের মাধ্যমে ২য় পর্যায়ে ২৭টি স্কুল-কাম-সাইক্লোন সেন্টারের কার্যক্রমের শুভসূচনা করেন।

## ৪. ০১ জুলাই ২০১৬ হইতে ৩১ অক্টোবর ২০১৬ পর্যন্ত অর্থনৈতি সম্পর্ক বিভাগের সরকারের গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য অর্জন সংক্রান্ত তথ্যাদিঃ

৪.১। বৈদেশিক সাহায্যের ২০১৬-১৭ অর্থবছরের প্রতিশ্রুতির লক্ষ্যমাত্রা ৬০০০ মিলিয়ন মার্কিন ডলার নির্ধারণ করা হয়েছে এবং ইতোমধ্যে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। জুলাই হতে অক্টোবর ২০১৬ পর্যন্ত রাশিয়ার সাথে নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্টের চুক্তি সহ মোট ১৩২২৭ মিলিয়ন ডলারের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ অর্থবছরে মোট ৫০৫০ মিলিয়ন মার্কিন ডলারের ব্যয়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। জুলাই হতে অক্টোবর ২০১৬ পর্যন্ত সময়ে খাদ্য সাহায্য বাবদ ৮.৪৪ ও প্রকল্প সাহায্যের অনুদান বাবদ ৭৬.৩৩ এবং ঋণ বাবদ ৬৫২.৭৭ সর্বমোট ৭৩৭.৫৪ মিলিয়ন মার্কিন ডলার ছাড় করা হয়েছে যা লক্ষ্যমাত্রার প্রায় ১৫%।

৪.২। ২০১৬-১৭ অর্থ বছরে বৈদেশিক ঋণের আসল ও সুদ পরিশোধের মোট প্রাক্কলন ছিলো ১২২২ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে আসল ১,০১১ মিলিয়ন মার্কিন ডলার (সমতুল্য ৮,০৮৮ কোটি টাকা) ও সুদ ২১১ মিলিয়ন মার্কিন ডলার (সমতুল্য ১,৬৮৮ কোটি টাকা)। জুলাই হতে অক্টোবর ২০১৬ পর্যন্ত সময়ে আসল বাবদ ২৬৩.২৮ মিলিয়ন মার্কিন ডলার (সমতুল্য ২,১০৬ কোটি টাকা) ও সুদ বাবদ ৭৬.৭০ মিলিয়ন মার্কিন ডলার (সমতুল্য ৬১৪ কোটি টাকা) সর্বমোট ৩৩৯.৯৮ মিলিয়ন মার্কিন ডলার (২,৭২০ কোটি টাকা) পরিশোধ করা হয়েছে যা লক্ষ্যমাত্রার প্রায় ২৮%। ।

৪.৩। গত ২৬ জুলাই ২০১৬ তারিখে মস্কো , রাশিয়ায় Fast Track- প্রকল্পভুক্ত "রুপপুর পারমাণবিক বিদ্যুৎ প্ল্যান্ট" নির্মাণের লক্ষ্যে বাংলাদেশ এবং রাশিয়ান ফেডারেশন সরকারের মধ্যে Intergovernmental Credit Agreement (IGCA) স্বাক্ষরিত হয়। এ ঋণ চুক্তির আর্থিক সংশ্লেষ ১১.৩৮ বিলিয়ন মার্কিন ডলার।

৪.৪। গত ২৪-২৫ অক্টোবর ২০১৬ তারিখে জার্মানীর বার্লিনে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দলের সাথে জার্মান সরকারের German-Bangladesh Negotiation-2016 অনুষ্ঠিত হয়। Summary Record of Negotiation অনুযায়ী জার্মান সরকার কর্তৃক বাংলাদেশ সরকারকে ২০১৬-২০১৭ বছরে প্রতিশ্রুত অর্থের পরিমান ২৫৫ মিলিয়ন ইউরো।

৪.৫। জুলাই, ২০১৬ হতে অক্টোবর, ২০১৬ পর্যন্ত সময়ে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর সাথে ০২টি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রথম চুক্তি Dhaka Water Supply Network Improvement Project- এর আওতায় ঢাকা মহানগরীতে ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে শহর অঞ্চলে বসবাসরত জনগোষ্ঠীকে নিরাপদ পানির সুবিধার আওতায় এনে তাদের আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে অবদান রাখবে। দ্বিতীয় চুক্তি অনুযায়ী Railway Sector Rolling Stock Project- এর আওতায় বাংলাদেশ রেলওয়ের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২৫০টি যাত্রীবাহী কোচ, ১০টি ডিজেল চালিত লোকোমোটিভ, রিলিফ ক্রেইন, ২টি ট্রেন ওয়াশিং প্লান্ট এবং লোকো-মাস্টার ট্রেনিং এর জন্য ১টি সিমুলেটর সংগ্রহ করা হবে।

৪.৬। Aid Information Management System (AIMS)-এর ভিত্তিতে কোডিং অন্তর্ভুক্ত করার জন্য USAID- এর সাথে MOU স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

৪.৭। ২৮ নভেম্বর -১ ডিসেম্বর ২০১৬ তারিখে কেনিয়ার রাজধানী নাইরোবিতে অনুষ্ঠিত Global Partnership for Effective Development Cooperation (GPEDC) এর ২য় উচ্চপর্যায়ের সভার খসড়া Outcome Dcoument-এর উপর বাংলাদেশ মতামত প্রদান করেছে। এছাড়া Asia Pacific Development Effectiveness Facility (AP-DEP) এর চেয়ার হিসেবে বাংলাদেশ অঞ্চলের বিভিন্ন দেশের মতামত সংকলণ করে GPEDC-তে প্রেরণ করেছে।

৪.৮। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং উন্নয়ন সহযোগীদের মতামতের উপর ভিত্তি করে জাতীয় উন্নয়ন সহযোগিতা নীতিমালার খসড়া প্রস্তুত করা হয়েছে।

৪.৯। ইস্তাম্বুল কর্ম-পরিকল্পনার (Istanbul Programme of Action-IPoA) বাস্তবায়ন অগ্রগতি সম্বলিত জাতীয় প্রতিবেদন (National Report) প্রণয়ন করা হয়েছে। গত ২৮ জুলাই ২০১৬ তারিখে ইস্তাম্বুল বাস্তবায়ন সংক্রান্ত উপ-কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী এ সংক্রান্ত ৪৫টি মন্ত্রণালয়/বিভাগ হতে IPoA বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য সংগ্রহ করে সংকলন করা হয়েছে।

৪.১০ Colombo Plan Secretariat (CPS), Colombo Plan Staff College (CPSC) এবং Commonwealth Foundation-এ বাংলাদেশ সরকার কর্তৃক বার্ষিক চাঁদা প্রদান করা হয়েছে।

৪.১১। "জাপান হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট স্কলারশীপ (জেডিএস)" শীর্ষক প্রকল্পের আওতায় আগস্ট ২০১৬ মাসে নির্বাচিত ৩০ জন ফেলো/কর্মকর্তা বিভিন্ন বিষয়ে জাপানের বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স ডিগ্রি অর্জনের লক্ষ্যে জাপান গমন করেছেন। অক্টোবর ২০১৬ মাসে ১৪ জন কর্মকর্তা বিভিন্ন বিষয়ে জাপানের বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স ডিগ্রি কোর্স সম্পন্ন করে দেশে ফিরে এসেছেন।

৪.১২। ২০ এবং ২৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং USAID- এর মধ্যে Development Objective Grant Agreement(DOAG) between the United States of America and the Government of the People's Republic of Bangladesh'' শীর্ষক চুক্তির যথাক্রমে ১৩তম এবং ১৪তম সংশোধনী স্বাক্ষরিত হয়েছে যাতে অর্থের পরিমাণ যথাক্রমে ১৩৯.৭২ মিলিয়ন মার্কিন ডলার ও ১৫৭.৩২ মিলিয়ন মার্কিন ডলার।

৪.১৩। ২১.০৯.২০১৬ তারিখে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং USAID- এর মধ্যে "Activity Agreement for the Bangladesh Agricultural Infrastructure Development Program (Ag-Infra)'' শীর্ষক চুক্তির ২য় সংশোধনী স্বাক্ষরিত হয়েছে।

৪.১৪। জুলাই, ২০১৬ হতে অক্টোবর, ২০১৬ পর্যন্ত সময়ে FAO সহায়তাপুষ্ট ২টি, ILO সহায়তাপুষ্ট ২টি, IOM সহায়তাপুষ্ট ১টি এবং The Global Fund সহায়তাপুষ্ট ১টি প্রকল্পের প্রকল্প দলিল স্বাক্ষরিত হয়েছে যার অনুকূলে মোট ১৪.৬১ মিলিয়ন মার্কিন ডলার অনুদানের প্রতিশ্রুতি পাওয়া গিয়েছে।

৪.১৫। উল্লেখিত সময়ে জাতিসংঘের বিভিন্ন সংস্থা যেমন- UNICEF, UNDP,UNFPA, FAO, UN WOMEN, ILO, GFATM, GAVI, UNESCO, UNCDF এবং IOM বিভিন্ন প্রকল্প/কর্মসূচির অনুকূলে মোট ২৬.৩০ মিলিয়ন মার্কিন ডলার অবমুক্ত (Disbursement) করেছে।

৪.১৬। গত ২১ আগস্ট, ২০১৬ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জাতিসংঘ অনুবিভাগের বাস্তবায়নাধীন ইউএনডিপি'র সহায়তাপুষ্ট Knowledge for Development Management (K4DM) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় South-South and Triangular Cooperation: Bangladesh and Global Perspective শীর্ষক একটি সেমিনার অর্থনৈতিক সম্পর্ক বিভাগে অনুষ্ঠিত হয। সেমিনারে মূলপ্রবন্ধ পাঠ করেন জাতিসংঘের High-Level Committee on South-South Cooperation(SSC) –এর সাবেক সভাপতি অধ্যাপক এ কে আব্দুল মোমেন।

৪.১৭। কর্মকর্তাদের চিন্তা, গবেষণা সক্ষমতাসহ পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ বিভাগে জ্ঞান ব্যবস্থাপনা কোষ (Knowledge Management Cell) গঠন করা হয়েছে, যেখানে এ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয়ের উপর নিয়মিত উপস্থাপনা (presentation) কার্যক্রম পরিচালিত হয়।

৪.১৮। কর্মকর্তা/কর্মচারীদের অফিসে যথাসময়ে উপস্থিতির জন্য দৈনন্দিন হাজিরা খাতার পাশাপাশি সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী ইলেকট্রনিক হাজিরা পদ্ধতি অর্থাৎ ইন-আউট ডিভাইস (In-out Device)-এর ব্যবহার প্রবর্তন করা হয়েছে, ফলে কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতির হার সন্তোষজনক।

৪.১৯। এ বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের ক্ষেত্রে Online-এ আবেদন করার পদ্ধতি চালুকরণ এবং এ পদ্ধতিতে নিয়োগ কার্যক্রম সম্পাদন।

৪.২০। সকল কর্মকর্তা/কর্মচারীকে ই-ফাইলিং-এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৪.২১। ই-টেন্ডারিং পদ্ধতি চালু করা হয়েছে ।

৪.২২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, উত্তম চর্চা ও দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন এবং কর্ম-ব্যবস্থাপনাকে দীর্ঘমেয়াদি ও যুগোপযোগীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৪.২৩। ০৩ অক্টোবর ২০১৬ তারিখে বিশ্বব্যাংকের সাথে Health Sector Development Program Amendment to the Grant Agreement-এ ৫.২৩৮ মিলিয়ন মার্কিন ডলারের অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়।

৪.২৪। ১০ মিলিয়ন মার্কিন ডলারের Additional Financing of Public Procurement Reform Project II (PPRP-II)-এর ঋণচুক্তিটি গত জুলাই ২৫, ২০১৬ তারিখে বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত হয়।

৪.২৫। বিশ্বব্যাংক নির্বাহী পরিচালকের কার্যালয় কর্তৃক প্রেরিত Review and Update of the World Bank's Environmental and Social Framework (Proposed Third Draft) এর ওপর বাংলাদেশ সরকারের খসড়া মতামত গত ১৮/৭/২০১৬ তারিখে বিশ্বব্যাংক, নির্বাহী পরিচালক কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

৪.২৬। Clean Air Sustainable Environment (CASE) Project-এ অতিরিক্ত ঋণ সহায়তা প্রাপ্তির লক্ষ্যে নেগোসিয়েশনের জন্য খসড়া Financing Agreement (FA) ও Project Appraisal Document (PAD)-এর উপর গত ২৭/১০/২০১৬ তারিখ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব কাজী শফিকুল আযম-এর সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

৪.২৭। ০৭ আগস্ট, ২০১৬ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "Safety Net Systems for the Poorest (SNSP)" শীর্ষক প্রকল্পের ঋণচুক্তি সংশোধন করা হয়।

৪.২৮। বিশ্বব্যাংকের সঙ্গে স্বাক্ষরিত National Agricultural Technology Program Phase-II শীর্ষক প্রকল্পের অনুদানচুক্তির বিষয়ে Legal Opinion চেয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে নথি প্রেরণ।

৪.২৯। গত ৭-৯ অক্টোবর ২০১৬ তারিখ বিশ্বব্যাংক-আইএমএফের বার্ষিক সভা যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডি.সি-তে অনুষ্ঠিত হয়। উক্ত সভা উপলক্ষ্যে গঠিত বাংলাদেশ প্রতিনিধিদলের সভায় অংশগ্রহণ সংক্রান্ত যাবতীয় কাজ এ বিভাগের মাধ্যমে সম্পন্ন করা হয়।

৪.৩০। বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট Mr. Jim Yong Kim ১৬-১৮ অক্টোবর ২০১৬ সময়ে বাংলাদেশ সফর করেন। তাঁর সফরের যাবতীয় কাজ সম্পন্ন করা হয়।

৪.৩১। গত ১৭ অক্টোবর ২০১৬ তারিখে End Poverty Day উদ্‌যাপন উপলক্ষ্যে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত public event-এর আয়োজন সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করা হয়। উক্ত public event-এ মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে এবং বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

৪.৩২। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ভারতীয় অনুদানে বাস্তবায়িতব্য Construction of India-Bangladesh Friendship Building and setting up an IT Centre at Bangladesh Police Academy, Sardah-শীর্ষক প্রকল্পের অর্থায়নের নিমিত্ত অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও ভারতীয় হাই কমিশনের মধ্যে ২৮ আগস্ট, ২০১৬ তারিখে Financing Agreement স্বাক্ষরিত হয়।

৪.৩৩। অর্থনৈতিক ও কারিগরি সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় "Project of Disaster Emergency Operation Center and Information Platform" এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় "Project of 1000 (one thousand) Fire Motorcycles" শীর্ষক প্রকল্প দুটি বাস্তবায়নে চীন সরকার ৫০০মিলিয়ন আরএমবি ইউয়ান (প্রায় ৬৬৭ কোটি টাকা/প্রায় ৮৩ মিঃ মাঃ ডলার) পরিমাণ অর্থের অনুদান চুক্তি গত ১৪ অক্টোবর, ২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়।

৪.৩৪ নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) কর্তৃক বাস্তবায়নাধীন "Procurement of Six (06) Vessels, Three (03) New Product Oil Tankers and Three (03) New Bulk Carriers of about 39,000 DWT Each Project" শীর্ষক প্রকল্প বাস্তবায়নে ১.২০ বিলিয়ন আরএমবি ইউয়ান (সমপরিমাণ ১৮৪.৫০ মিঃ মাঃ ডলার) পরিমাণ অর্থের নমনীয় ঋণচুক্তি গত ১৪ অক্টোবর, ২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়।

৪.৩৫। স্থানীয় সরকার বিভাগের অধীন ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়িতব্য Dasherkandi Sewerage Treatment Plant প্রকল্পের ১,৭৯১,৬০৮,০০০ বিলিয়ন আরএমবি ইউয়ান (সমপরিমাণ ২৮০ মিঃ মাঃ ডলার) পরিমাণ অর্থের নমনীয় ঋণ চুক্তি গত ১৪ অক্টোবর, ২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়।।

৪.৩৬। চীন সরকারের আর্থিক সহায়তায় সেতু বিভাগ কর্তৃক বাস্তবায়িতব্য Multi-Lane Road Tunnel under the River Karnaphuli প্রকল্পের সর্বমোট ৭০৫.৮০ মিলিয়ন ডলার যার মধ্যে ১.৯৫০বিলিয়ন আরএমবি ইউয়ান (সমপরিমাণ ৩০০ মিঃ মাঃ ডলার) পরিমাণ অর্থের CGCLচুক্তি এবং ৪০৫.৮০ মিলিয়ন মাঃ ডলার মূল্যের PBC চুক্তি এবং Framework Agreement গত ১৪ অক্টোবর, ২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়।

৪.৩৭। চীন সরকার আগামী পাঁচ (০৫) বছরে (২০১৬-২০২০) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সম্পর্কিত Plan of Special Assistance Projects of Disaster Prevention and Reduction প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের সাথে একটি সমঝোতা স্মারক (MoU) গত ১৪ অক্টোবর, ২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়।

৪.৩৮। চীন সরকারের আর্থিক সহায়তায় ৯ম, ১০ম ও ১১তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক (MoU) গত ১৪ অক্টোবর, ২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়।

৪.৩৯। বাংলাদেশ ও চীনের মধ্যে বিনিয়োগ এবং উৎপাদন সক্ষমতা সম্পর্কিত সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে Strengthening Investment and Production Capacity Cooperation সংক্রান্ত একটি MoU গত ১৪ অক্টোবর ২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়।

৪.৪০। বাংলাদেশ-চীন যৌথ অর্থনৈতিক কমিশনের ১৪তম সভা ২২ আগস্ট, ২০১৬ তারিখে ঢাকায় অনুষ্ঠিত হয়।

